গাংনীতে ট্রলির চাকা খুলে নির্মাণ শ্রমিকের মৃত্যু, আহত ৬

মেহেরপুরের গাংনীতে ছাদ ঢালাই কাজের উদ্দেশ্যে যাওয়ার পথে স্যালো ইঞ্জিন চালিত ট্রলির চাকা খুলে সাবেদুল ইসলাম (৪৫) নামের এক নির্মাণ শ্রমিক নিহত হয়েছেন। এসময় ৬ জন শ্রমিক আহত হয়েছেন।

আজ মঙ্গলবার সকালে মেহেরপুর-কুষ্টিয়া মহাসড়কের আকুবপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সাবেদুল ইসলাম গাংনী উপজেলার তেরাইল গ্রামের বিলপাড়া এলাকার কায়েমউদ্দিনের ছেলে।

ট্রলিতে থাকা আরও ৬ জন আহত হয়েছেন। তারা হলেন তেরাইল গ্রামের বিলপাড়া এলাকার নজরুল ইসলাম (৫০), সজিব হোসেন (১৬), ইসরাফিল হোসেন (৩৫), তুহিন হোসেন (২৪), জহুরুল ইসলাম (৪৭) এবং ভরাট গ্রামের সুরুজ হোসেন (১৬)।

আহতদের উদ্ধার করে বামুন্দির একটি ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

স্থানীয় জানান,মঙ্গলবার সকালে তেরাইল বাজার থেকে সাত জন শ্রমিক শ্যালো ইঞ্জিনচালিত একটি ট্রলিতে করে কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা বাজারে একটি বাড়ির ছাদ ঢালাইয়ের কাজ করতে যাচ্ছিলেন। যাওয়ার পথে আকুবপুর এলাকায় পৌঁছালে ট্রলিটির চাকা খুলে নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে উল্টে যায়। এ সময় ট্রলির নিচে চাপা পড়ে সাবেদুল ইসলামের বাম পা শরীর থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

‎স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখান থেকে তাকে ঢাকার পঙ্গু হাসপাতালে রেফার্ড করা হয়। ঢাকায় নেওয়ার পথে দুপুরের দিকে তার মৃত্যু হয়।

গাংনী থানার অফিসার ইনচার্জ উত্তম কুমার দাস সড়ক দুর্ঘটনায় নিহতের সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে শ্রমিকের মৃত্যু

গাংনী উপজেলার করমদি গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মোস্তফা (৩০) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে।

বুধবার (৭ই জুন) বিকেল ৪ টার দিকে করমদি গ্রামের বিলপাড়ায় এ ঘটনা ঘটে। নিহত মোস্তফা ওই গ্রামের আজগর আলীর ছেলে। এসময় বিদ্যুৎস্পৃষ্টে গুরুতর আহত হয়েছে আরেক শ্রমিক করমদি বিলপাড়ার মৃত ছহিউদ্দিনের ছেলে আব্দুল হালিম (২৬)।

স্থানীয় ইউপি (তেঁতুলবাড়িয়া ইউনিয়ন) সদস্য তৌহিদুল ইসলাম জানান, মোস্তফা বুধবার (৭ জুন) বিকেলের দিকে উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামের গোলজার হোসেনের ছেলে উলজার হোসেন এর বাড়ির টিনের বেড়া বাঁধাইয়ের কাজ করছিল। এ সময় অসাবধানতায় টিনে বিদ্যুতায়িত হয়ে মোস্তফা ও হালিম ভীষণ অসুস্থ হয়ে পড়ে।

স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে স্থানীয় করমদি গ্রামের সন্ধানী সংস্থা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক নুর আলম খাঁ মোস্তফাকে মৃত ঘোষণা করেন এবং সহযোগী আব্দুল হালিমকে প্রাথমিক চিকিৎসা দেন।

গাংনী থানা অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, বিদ্যুতায়িত হয়ে এক শ্রমিকের মৃত্যুর সংবাদ পেয়েছি, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।